



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/২৩৩১৮১০৫৬৪৫১/কুমিল্লা-২১০/৩০২১

তারিখঃ ২১.০৫.২০১৯খ্রিঃ

বিষয়ঃ- সিভিল রিভিশন নং- ৬০৬২/২০০৭ মোকাদ্দমা নিষ্পত্তির সর্বশেষ অবস্থা অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র: ১) নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-২১০/২৭৮৬; তারিখ: ১৬/০১/২০১৮ খ্রি.
২) নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-২১০/২৯৯৯; তারিখ: ০৭/১১/২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার দেবিদ্বার উপজেলাধীন নবিয়াবাদ ইসলামিয়া দাখিল মাদ্রাসার সুপারের বিরুদ্ধে একমাত্র প্রতিষ্ঠাতাকে বাদ দিয়ে অবৈধভাবে ম্যানেজিং কমিটি গঠন করেছেন মর্মে প্রতিষ্ঠাতা দাবীদার এডভোকেট মো: আলমগীর ভূঞা একখানা অভিযোগপত্র অত্র বোর্ডে দাখিল করেন। অভিযোগের প্রেক্ষিতে অত্র বোর্ড কর্তৃক সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার, কুমিল্লাকে পত্র প্রেরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার, দেবিদ্বার, কুমিল্লা সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন প্রেরণ করেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় এডভোকেট মো: আলমগীর ভূঞা মাদ্রাসার একমাত্র প্রতিষ্ঠাতা সদস্য। তাকে বাদ দিয়ে ম্যানেজিং কমিটি গঠনের কোন সুযোগ নেই মর্মে প্রতিবেদনে উল্লেখ করেছেন।

প্রকৃত প্রতিষ্ঠাতা সদস্যকে বাদ দিয়ে ম্যানেজিং কমিটি গঠন বিধি সম্মত না হওয়ায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে নং-বামাশিবো/প্রশা/৮৬৪/নথি নং-কুমিল্লা-২১০; তারিখ: ১৬/০২/২০১৬ খ্রি. স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না তার সন্তোষজনক জবাব দাখিল করার জন্য সুপার ও সভাপতিকে ১ নং সূত্রের স্মারকে কারণ দর্শানো হয়। উক্ত কারণ দর্শানোর প্রেক্ষিতে মাদ্রাসার সুপার সূত্র:-নিম/কা/দ/জবা/০৪; তারিখ: ০৬/০২/২০১৮ খ্রি. স্মারকে জবাব প্রেরণ করেন। জবাব পর্যালোচনায় দেখা যায় প্রতিষ্ঠাতা সদস্যের পদ বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত সিভিল রিভিশন নং-৬০৬২/২০০৭ আপিল মোকাদ্দমা নিষ্পত্তি না হওয়া পর্যন্ত অতিরিক্ত জেলা জজ কর্তৃক টাইটেল আপিল নং ১৬২/২০০৩ মোকাদ্দমার প্রদত্ত রায় ডিক্রির কার্যক্রম স্থগিতাদেশ আছে মর্মে জবাবে উল্লেখ করেছেন। এরই প্রেক্ষিতে অত্র বোর্ড কর্তৃক উক্ত সিভিল রিভিশন নং -৬০৬২/২০০৭ মোকাদ্দমা অরিং নিষ্পত্তি করার জন্য সূত্রে উল্লেখিত ২ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠাতা সদস্যের পদ বিষয়ে সিদ্ধান্তের স্বার্থে উপরোল্লিখিত সিভিল রিভিশন নং -৬০৬২/২০০৭ মোকাদ্দমা নিষ্পত্তির সর্বশেষ অবস্থা পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য সুপারকে নির্দেশক্রমে অনুরোধ করা হল।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


২১.০৫.১৯

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬১২৮৫৮

তারিখঃ .০৫.২০১৯খ্রিঃ

প্রাপক:

১) সভাপতি, নবিয়াবাদ ইসলামিয়া দাখিল মাদ্রাসা, দেবিদ্বার, কুমিল্লা।

২) সুপার, নবিয়াবাদ ইসলামিয়া দাখিল মাদ্রাসা, দেবিদ্বার, কুমিল্লা।

নং-বামাশিবো/প্রশা/২৩৩১৮১০৫৬৪৫১/কুমিল্লা-২১০/ /

সদর-অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, কুমিল্লা।
২. জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।
৩. উপজেলা নির্বাহী অফিসার সদর, দেবিদ্বার, কুমিল্লা।
৪. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য)।
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর-রহমান

উপ রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন নং ৯৬৭৪৮৭৪